

Official Spokesperson's response to a query on reference to Jammu & Kashmir in the Joint Statement issued by China and Pakistan

March 17, 2020

চীন ও পাকিস্তানের জারি করা বিবৃতিতে জম্মু ও কাশ্মীরের প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্রের প্রতিক্রিয়া

১৭ই মার্চ, ২০২০

এক প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্র শ্রী রবিশ কুমার বলেন,

"পাকিস্তানের রাষ্ট্রপতির সাম্প্রতিক চীন সফরের পরে চীন ও পাকিস্তানের জারি করা বিবৃতিতে আমরা জম্মু ও কাশ্মীরের উল্লেখকে প্রত্যাখ্যান করি। জম্মু ও কাশ্মীর কেন্দ্রশাসিত অঞ্চল ভারতের একটি অবিচ্ছেদ্য অঙ্গ। জম্মু ও কাশ্মীর সম্পর্কিত বিষয়গুলি একটি অভ্যন্তরীণ বিষয়। আমরা চাই যে চীন সহ অন্যান্য দেশগুলি যেন ভারতের অভ্যন্তরীণ বিষয়গুলি সম্পর্কে মন্তব্য না করে এবং ভারতের সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখণ্ডতার প্রতি শ্রদ্ধাশীল থাকে ঠিক যেমন ভারত অন্যান্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে মন্তব্য করা থেকে বিরত থাকে।

অন্যদিকে, ভারত ১৯৪৭ সাল থেকে পাকিস্তান কর্তৃক অবৈধভাবে দখল করা ভারতীয় ভূখণ্ডে অবস্থিত তথাকথিত অবৈধ "চীন পাকিস্তান অর্থনৈতিক করিডোর" প্রকল্পগুলির বিষয়ে চীন ও পাকিস্তান উভয় রাষ্ট্রের উদ্দেশ্যে দৃঢ় আপত্তি আর নিজেদের উদ্বেগের কথাগুলির পুনরাবৃত্তি করতে চায়। ভারত, পাকিস্তান অধিকৃত জম্মু ও কাশ্মীরের স্থিতিাবস্থা পরিবর্তনের লক্ষ্যে অন্যান্য দেশগুলির যেকোনও রকম পদক্ষেপের বিরোধিতা করছে। আমরা সংশ্লিষ্ট পক্ষগুলিকে এই ধরনের পদক্ষেপ গ্রহণ না করার আহ্বান জানাই। এ জাতীয় অবৈধ কাজকর্ম ভারত কখনই মেনে নেবে না।"

নতুন দিল্লী

১৭ই মার্চ, ২০২০

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.